In strong contrast with these, take the case of the weak-willed man of genius. Look for instance Raphael—the artist with divine brain and miraculous hand—see how he sank! Perhaps we shall be wiser in discontinuing the list; it is enough to say that the union of qualities which can degrade even love is not quite desirable. The weak men of genius who succumb to drink are little known to the multitude, for the simple reason that they either kill themselves early or drop into complete incapacity. Those who are in the "circles" can reel off lists of men who "might have done anything" but who passed away like the echo of the wind's crying; the dead ones may be engineers, artists, poets,—anything—their fate is the same. For the man of genius who drinks, becomes brutalised and the greater his genius, the more brutalised he is when the fever has him; but the mere worker or artist who has no will hurts only himself. Point us out a genius who becomes a ruler and has no will, we have a horror, for this miserable man works evils to thousands and millions. He sees well enough but he sees twenty different ways; he tries to fix his will, but the first light shock sets his will rocking; he is obstinate when he should wisely yield, and, when he should be quietly rigid, he is limp. He rushes from one project to another, he involves himself in incessant contradictions; people know that what he says to-day carries nothing sure about it save that he will say exactly the opposite next week. To hide his own weakness, he employs cunning subterfuges, and he gradually becomes a brazen liar; but he has not skill enough to lie effectively so that each new falsehood makes him a laughing-stock. He is an awful spectacle, and, when the inevitable revolution—peaceful or sanguinary—takes away his chance of ruling any longer, the world has good reason to be thankful for the riddance.

Lastly, take the case of a person who has great intellect and indomitable will with a completely healthy organisation. He may be very great or he may be very criminal—he may be a murderer. It may appear senseless to say that an Alexander or a Scipio Africanus or a Napoleon ever belonged to a class of deliberate murderers but what else could we call them when we calmly judge their actions. The recent European War which decimated and devastated

Europe proper and brought on a feeling of exhaustion all over the world is sometimes,—perhaps, not without reason,—traced to the action of that criminal Kaisar whose intellect and temperament have always been questioned by sound medical authorities.

A. K. R.

---

## ANTI-MELANCHOLIC EXTRACTS.

A minister's wife, a doctor's wife and a traveller's wife met one day recently and were talking about the forgetfulness of their husbands.

The minister's wife thought her husband was the most forgetful man living, because he would go to church and forget his notes and no one could make out what he was trying to preach about. The doctor's wife thought her husband was the most forgetful, for he would often start out to see a patient and forget his medicine-case and therefore travel miles for nothing. "Well", said the traveller's wife, "My husband beats that. He came the other day and patted me on the back and said, 'I believe I have seen you before, little girl. What's your name?' "

---

American law and justice is a thing to wonder at. The story is told by a returned wanderer that once he attended a sitting of the police-court in a Western township. A prisoner was charged with picking pockets. He was found guilty, but as there was no more room in the jail at the moment, the magistrate fined him ten dollars.

"But he has got only six dollars, y'r honour," a policeman pointed out.

"Well, then," replied the magistrate, lightly battoning up his coat, "turn him loose in the crowd till he can raise the other four!"

---

Scene: A sick room: Master Johnny, a five-year-old, propped up on pillows: Mamma and the doctor in the foreground. *Mamma* (interlocutor): "Now, Johnny, darling, here's some castor oil for you, fixed up with nice wine and sugar." *Doctor* (beseechingly): "Remember, mamma, don't let Johnny have it all; keep some

for me". *Johnny* (knowingly): "Mamma, doctor's such a dear, good man, let him drink the whole of it, won't you?"

---

A doctor's wife once attempted to move her husband by tears. "Ann", said he, "tears are useless. I have analysed them. They contain a little phosphate of lime, some chlorate of sodium, and that's all!"

---

"Pack my box with five dozen liquor jugs" is the shortest sentence containing all the letters of the English alphabet. This refers to empty jugs, of course.

---

Professor: "Young man, I am seventy-nine years old, and I never smoked a shred of tobacco in my life".

Student (puffing cigar): "Well, Sir, you're not too old to learn, I assure you. Cato learnt Greek at the age of eighty, you know!"

---

Schoolmaster: "What is the meaning of one twenty-fifth?" Boy: "I don't remember." Schoolmaster: "If you had 25 friends visiting you, and one apple for them, what would you do?" Boy: "I'd wait till they'd gone home and then eat it myself!"

---

An Irish man entered the New York post-office for the purpose of posting a letter to his fianceé. He paused in perplexity before a board containing three slots bearing the words "City", "Domestic", "Foreign".

"Faith," he muttered, "this is a pretty problem. Maggie's domestic, she lives in the city and she's a foreigner. What beats me is how I'm to get the letter in the three holes at once!"

M.

---

# উদ্বোধন

রাত্রি-রূপা জননীর অঞ্চল বাতাস
জগতের মোহ-নিদ্রা করিছে বিনাশ ;
অদূরে অরুণ আভা গগন-অঙ্গনে
ঢালি ক্ষীণ হৈম প্রভা, উষাদেবী সনে ;
বিস্তারিছে জ্যোতির্ম্ময় কনক অঙ্গুলি—
জাগাইতে ধরণীরে, দেখ আঁখি খুলি।
হে মানব! জেগে উঠ নেত্র প্রসারিয়া
হের চারিদিকে সর্ব্ব বিশ্ব উছলিয়া
সমাগত পূত ব্রাহ্মমুহূর্ত্ত সময় ;
তন্দ্রামগ্ন থাকা এবে উচিত কি হয় ?
ত্যজি নিদ্রালস মোহ অলীক স্বপন
উদ্বুদ্ধ করিতে জ্ঞান হও সযতন।
মানস গঙ্গার নীরে করিয়া গাহন,
হৃদয়-মন্দিরে রচি অচল আসন,
প্রীতির কুসুম-দামে সাজায়ে অঞ্জলি
বিশ্ব প্রভু বিধাতার পদে দাও ঢালি।
ছিন্ন কর জগতের মোহের বন্ধন,
পুণ্য হ'ক সকলের নব জাগরণ।
ধন্য হ'ক বিশ্ববাসী পবিত্রতা ছায়ে,
আপন ক্ষুদ্রত্ব ঢালি মহত্বের পায়ে।
উদ্ঘাটিয়া হিরন্ময় পাত্র আবরণ
দেখাও নিখিলে শুদ্ধ সত্যের চরণ।
অরুণ কিরণ-জালে, বিশ্ববাসি-গণ,
শান্ত-পূত জ্ঞাননেত্র কর উন্মীলন!

শ্রীমনোরঞ্জন বন্দ্যোপাধ্যায়
দ্বিতীয় বার্ষিক শ্রেণী

---

# রবীন্দ্রনাথের কাব্যে বর্ষা-সঙ্গীত

মেঘলা দিনের ঘনঘটাচ্ছন্ন নিবিড় কালো আকাশ—বৃষ্টির টলটলে জলের কণাগুলো—পাগলা-হাওয়ার তাণ্ডব নৃত্যের সকরুণ ললিত বেদনা আমাদের মনে জাগিয়ে তোলে—এক গভীর চিন্তা। মনে করিয়ে দেয় যেন কোন বিরহিনী বর্ষা-বধূ আকাশের সমস্ত বুকখানি ছেয়ে কোন এক অনিশ্চিত মিলনের আশায় বেদনায় আকুল হয়ে কাঁদ্‌ছে—আর তারই ধারাগুলো পৃথিবীতে ঝরে পড়ছে—বৃষ্টি হয়ে। যখন আকাশ মেঘে মেঘে ছেয়ে যায়—কালবৈশাখীর প্রচণ্ড ঝড়ে বালি উড়িয়ে সূর্য্যাস্তের রক্তচ্ছটাকে বিদীর্ণ পাণ্ডুর করে তোলে, তখন যেন সেই বর্ষা-বধূর হৃদয়খানা বেদনায় ভরে উঠে বলে,—

"এ সখি, হামারি দুখের নাহি ওর—
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর।"

বর্ষার দিগন্তব্যাপী এই যে বিলাপ, এই যে বেদনা, এই যে ম্লান মূর্ত্তি ইহা তো নিষ্ফল নহে। তাই বর্ত্তমান যুগের গানের রাজা রবীন্দ্রনাথের সঙ্গীতেও এর সুর তেমনি ভাবে বেজে উঠেছে। শুনেছি বর্ষা যখন নদী-গিরি-কান্তার ছাপিয়ে বিশ্বকে গ্রাস কর্‌তে ছুটে আসে তখন কবির চিত্ত নাকি ময়ূরের মত নৃত্য করতে থাকে। নীল আকাশে ঘন মেঘের সঞ্চার দেখে তাঁদের মনে জেগে ওঠে এক সজল কাজল আঁখির কথা। সেইটাই কবির মানস কল্পিত বর্ষা-বধূ। তাই যখন আর্দ্র তীব্র বায়ু গাত্র স্পর্শ করে শালের বনে থেকে থেকে দোলা দিয়ে যায় হেঁকে হেঁকে, তখনও রবীন্দ্রনাথ বুঝতে পারেননি এই রুদ্র মূর্ত্তির আড়ালে মেঘের জটা উড়িয়ে দিয়ে কে নৃত্য করে! তিনি যেন চিনেও তাকে চিন্‌তে পার্‌ছেন না। তাই তিনি গাইছেন,—

"আজ বারি ঝরে ঝর ঝর
ভরা বাদরে।
আকাশ-ভাঙ্গা আকুল ধারা
কোথাও না ধরে।

শালের বনে থেকে থেকে
ঝড় দোলা দেয় হেঁকে হেঁকে,
জল ছুটে যায় এঁকে বেঁকে
মাঠের পরে।
আজ মেঘের জটা উড়িয়ে নিয়ে
নৃত্য কে করে।"

হঠাৎ যেন তিনি বুঝতে পারলেন বর্ষা-বধূ জলে স্থলে গ্রহে নক্ষত্রে তাঁরই প্রতীক্ষায় বসে দিন গুনছে। তাঁর বেদনা-মথিত অন্তরাত্মা গুমরে গুমরে কেঁদে উঠে বল্‌লে,—

"মেঘের পরে মেঘ জমেছে
আঁধার করে আসে,
আমায় কেন বসিয়ে রাখ
একা দ্বারের পাশে।"

কবি তো আর অন্ধকারে বসে থাকতে রাজী নন—তিনি যে আজ আলোর সন্ধান পেয়েছেন। তাঁর মন সেই দিকে ছুটে চলেছে। এই যে দিগন্তের দিকে তাকিয়ে বিরহের সৌন্দর্য্য উপলব্ধি—অদম্য আকাঙ্ক্ষা নিয়ে দয়িতাকে পাবার ইচ্ছা—ইহাই বিশ্বের বিরহ। তাই কবি আবার গাইলেন,—

"তুমি যদি না দাও দেখা, কর আমায় হেলা,
কেমন করে কাটে আমার এমন বাদল বেলা।"

কবির চোখ অশ্রু-ভারাক্রান্ত হয়ে এল। কালো মেঘের দিকে চেয়ে দেখলেন, সেখানে যেন কে এক জন তাঁরই প্রতীক্ষায় দাঁড়িয়ে তার বেদনাতুর হৃদয়কে জলের ধারায় ভিজিয়ে নিচ্ছে। তিনি গাইলেন,—

"আজি ঝড়ের রাতে তোমার অভিসার
পরাণ সখা বন্ধু হে আমার।
নাই যে ঘুম নয়নে মম,

* * * *

দুয়ার খুলি, হে প্রিয়তম,
চাহি যে বারে বার,
পরাণ সখা বন্ধু হে আমার।"

আমরা যা'কিছু পাই না কেন সকলি যেন একটি মস্ত না-পাওয়ার মধ্যে মনকে কাঁদিয়ে তোলে। সেই না-পাওয়াটির আভাস আমরা জগতে সমস্ত সঙ্গীতে, সমস্ত সৌন্দর্য্যে উপলব্ধি করি। কবি যখন তাঁর দয়িতাকে অভিসারে ধর্‌লেন, তখন তিনি গাইলেন,—

"বজ্রে তোমার বাজে বাঁশি
সেকি সহজ গান ?
সেই সুরেতে জাগবো আমি
দাও মোরে সেই কান।"

বজ্র ও ঝড়ের আরাধনা করতে গিয়ে যখন তিনি তাঁর প্রিয়তমাকে সেই ঝড়ের মধ্যে হারিয়ে ফেললেন তখন তাঁর মন হঠাৎ কেঁদে উঠলো। তাঁর কান্না দেখে বর্ষা-বধূ একবার চকিতে দেখা দিয়ে বলে গেলেন,—

"ঝড়ে যায় উড়ে যায় গো
আমার মুখের আঁচলখানি
ঢাকা থাকে না হায় গো
তারে রাখ্‌তে নারি টানি।"

না-পাওয়ার মধ্যে হঠাৎ যদি একটু পাওয়ার আভাস পাওয়া যায়, তবেই মন আনন্দে নৃত্য করতে থাকে। কবি আনন্দের আতিশয্যে গাইলেন,—

"মেঘ বলেছে যাব যাব
রাত বলেছে যাই
সাগর বলে, কূল মিলেছে
আমি তো আর নাই।"

কবি খুসী হয়ে আবার আকাশের দিকে চাইলেন। সেখানে আষাঢ়ের তরল মেঘগুলো ভেসে যাচ্ছিল—ছোট ছোট নৌকার সারির মত। আষাঢ়ের মেঘ যখন বর্ষিত হতে থাকে তখন দেখি তার মধ্যে এক ঝাপ্‌সা তরল ভাব। কেননা সে যে বিশ্বের সভায় তখন নতুন নেমেছে। সেই তরলতা জীবনের তন্ত্রীতে তন্ত্রীতে বেজে ওঠে গানের সুরে। মন চমকে উঠে ভাবে যেন কোথাকার কোন লুকান রহস্য ব্যক্ত হতে হতে থেমে গেল। তাই আষাঢ়ের বারিধারায় গল্প জমে আষাঢ়ে-ধরণে ঝাপ্‌সা আর তরল। আষাঢ়ের এই পুঞ্জীকৃত কালো কালো মেঘকে আশ্রয় করে বিরহ-বেদনা-সঞ্চিত অশ্রু দুই এক ফোঁটা ফেলে কবি আনন্দে গাইলেন,—

"আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে
আসে বৃষ্টির সুবাস বাতাস বেয়ে।"

তারপরেই তিনি শ্রাবণের বারিধারাকে লক্ষ্য করে গান গাইলেন। শ্রাবণের বারিধারা সুন্দর, গম্ভীর, মধুর। শ্রাবণের বর্ষণে এমন এক ভাব আসে যে, মনে সদাই হয়, কোথায় যেন চির-বিরহ রচিত হচ্ছে—কোথায় কে যেন একেবারে হারিয়ে যাচ্ছে। ঝর-ঝর বারি-ধারার মধ্যে যেন এক কান্নার সুর বিরহ বেদনায় অস্থির হয়ে কাকে ডেকে ডেকে চলে যায়। কবি বারি-ধারার অপূর্ব্ব সঙ্গীতের সঙ্গে আপনার ছন্দের সুর মিলিয়ে গাইলেন,—

"শ্রাবণের ধারার মত পড়ুক ঝরে পড়ুক ঝরে
তোমারি সুরটি আমার মুখের পরে বুকের পরে।"

নিশুতি রাতে জমাট অন্ধকারের বুক চিরে যে বারিধারা ঝরে পড়ে সে এক অপূর্ব্ব জিনিস। সেই অন্ধকার আর ভাব প্রবাহের মধ্যে মানুষের মন কেঁদে উঠে সেই বর্ষার বারিধারার মত ঝরে পড়তে চায়। কবি এমনি একটা জল-ভরা বর্ষা-নিশীথে গাইলেন,—

"আমার নিশীথ রাতের বাদল-ধারা—
তুমি এস হে।"

বলেই তিনি ক্ষান্ত হলেন না। তার মনের মধ্যে মিলনের আকাঙ্ক্ষা এই প্রকৃতির প্রতিচ্ছবি প্রতিফলিত করে তুল্লো। তিনি বল্লেন তাঁর চিত্তখানি মেঘ মেদুর অম্বরে হারিয়ে ফেলেছেন—তাকেতো অমনি করে জাগালে চল্‌বে না। তাই তিনি বল্লেন,—

"যে শাখায় ফুল ফোটেনা ফল ধরে না
একেবারে,
তোমার ঐ বাদল বায়ে দিক্ জাগায়ে
সেই শাখারে।"

স্রোতের মুখ ফিরলো। বিশ্বের চারিদিক সজীব, সহজ অনাবিল হয়ে উঠ্‌লো। বর্ষাসুন্দরী কবির কথায় গলে গেলেন। কবি তাকে কাছে পেয়ে গাইলেন,—

"আজি শ্রাবণ ঘন গহন-মোহে
গোপন তব চরণ ফেলে
নিশার মত নীরব ওহে
সবার দিঠি এড়ায়ে এলে।

প্রভাত আঁজি মুদেছে আঁখি
বাতাস বৃথা যেতেছে ডাকি,
নিলাজ নীল আকাশ ঢাকি
নিবিড় মেঘ কে দিল মেলে ?"

যেখানেই পূর্ণ মিলন সেখানেই বিরহ বেদনার সুর আপনা হতেই বেজে ওঠে। প্রকৃতির এই যে হা-হুতাশ-ভরা ক্রন্দন কোন্ অনাদি কাল থেকে জগতের বুকে এমনি করে বেদনার বোঝা চাপিয়ে দিয়ে আস্‌ছে! কত যুগ আগে কোন এক বর্ষা-সন্ধ্যায় যখন আকাশের হৃদয় খানি ছেয়ে মেঘের উপর মেঘ জমে ছিল—বিরহিনী রাধিকার মনেও ঠিক্ এই বেদনার ছবি ভেসে উঠেছিল। কবি বিশ্বব্যাপী অন্ধকারে আপনাকে নিতান্ত অসহায় মনে করে গাইলেন,—

"আষাঢ় সন্ধ্যা ঘনিয়ে এল
গেল রে দিন বয়ে,
বাঁধন হারা বৃষ্টি ধারা
ঝর্‌ছে রয়ে রয়ে।"

এক মহাশূন্যতা কবির বুকের মধ্যে হাহাকার করে গেল। কবি ভাবলেন, এই যে বুক ছেয়ে কান্না আস্‌ছে এ কিসের জন্যে!—কার জন্যে! এ বিরহ বেদনা সইতে হবে বলেইত ভগবান মিলনের সৃষ্টি করেছেন। নিজের অন্তরে অনুসন্ধান করতে গিয়ে দেখেন সেখানে এক সজল কাজল আঁখি প্রতিফলিত হয়ে উঠেছে। তিনি গাইলেন,—

"আজ বরষার রূপ হেরি মানবের মাঝে
চলেছে গরজি, চলেছে নিবিড় সাজে।"

বর্ষার এই অপরূপ রূপ ইহার প্রকাশ প্রকৃতিতে—ইহার প্রকাশ মানবের চিত্ত-মন্দিরে। ঝিরি ঝিরি বারি বর্ষণের সঙ্গে সঙ্গে মানুষের মনের কোণটীতে এক উদাস ভাব এনে দেয়। বর্ষার জলে কত অজানা ব্যথিত আঁখর কথা মনে পড়ে—কত অনিশ্চিত কামনার উদ্রেক হয়। যুগে যুগে তাই কত কবি জলভরা মেঘের দিকে তাকিয়ে তাদের অচিন্ প্রিয়ার উদ্দেশে কত স্বপ্নের জাল বুনে গেছেন। তাঁদের করুণ অশ্রুভরা কবিতার ঝঙ্কার বর্ষার বর্ষণের সঙ্গে সুর মিলিয়ে কত নদ নদী গিরি কান্তার অতিক্রম করে আনন্দে

কেঁপে কেঁপে উঠেছে। মানুষের মন তাই বর্ষার দিনে কেমন যেন একটু চঞ্চল হয়ে ওঠে। জগতের সকল প্রাণী বর্ষার দিনে কি যেন একটা হারিয়ে ফেলে না-পাওয়ার গান গাহিতে সুর করে দেয়।

কবি রবীন্দ্রনাথ কাকে যেন হারিয়ে ফেলে তাঁর জীবনের প্রতি বর্ষায় করুণ ব্যথিত সুরে এমনি না-পাওয়ার গান গেয়ে গেছেন, আমরা তা' শুনতে পেয়েছি। আমাদের প্রাণেও তা সাড়া জাগিয়ে দিয়েছে। হে কবি, তুমি তোমার অপূর্ব্ব সঙ্গীত ধারাতে বর্ষে বর্ষে তোমার গানের মধ্যে বর্ষার রূপ এঁকে যাও। তোমার সঙ্গীত ধারায় নতুন নতুন মহাকাব্য রচিত হোক। আমরা সেই মহাকাব্যের সৌন্দর্য্যে ডুবে আনন্দ উপভোগ করি।

শ্রীবিভাসচন্দ্র রায় চৌধুরী
দ্বিতীয় বার্ষিক শ্রেণী

---

# মায়ের আদর

নন্দন হতে কোন্ পারিজাত এলি আমাদের ঘরে,
কোন্ শুভখনে মঙ্গলময় কোন্ বিধাতার বরে?
কোন্ আকাশের চাঁদকণাটুকু রক্তমাখান' সাঁঝে?
কোন্ তপোবনে ঘুমাইয়া ছিলি ঝরা শেফালির মাঝে?
সারা দেহে তোর জোছনার হাসি দুগ্ধ ধারারমত,
আল্‌তায় গোলা ঝুমকায় কোন্ ঝরে পড়ে অবিরত?
নিশীথ রাতের আঁধিয়ার বুকে ক্ষুদে জোনাকির ধারা,
কার কোল ছেড়ে এলি আজ চলে নীল মাণিকের পারা?
কখন কোথায় কোন্ প্রজাপতি খেলা করেছিল ঘিরে?
কোন্ পরী তোরে মানুষ করেছে বুকের রক্ত চিরে?
কোন্ শরতের দিক্‌বধূ তোরে দিয়েছিল মুখে চুমা?
আয় বাছা তুই কোলে আয় মোর—ঘুমা ওরে তুই ঘুমা!
ভোরের হাওয়ায় উঠুক ফুটিয়া ফুল শত শত বনে,
গৃহ হোক্ মোর স্বর্গের সম আজি তোর আগমনে।

শ্রীবিভাসচন্দ্র রায়চৌধুরী
দ্বিতীয় বার্ষিক শ্রেণী

---

# বীরভূমের বিবাহ কাহিনী *

"কপালে নাইগো ঘি ঠক্‌ঠকালে হবে কি ?"

আমপুর[১] মহকুম্যার[২] তিন কো'শ[৩] পূবে এ্যাক্‌টো[৪] বেজ্যায়[৫] বড় গাঁ। সেই ঠিঁইকার[৬] জমিদ্দার লিরাারণ মুখুজ্যার মেত্বর[৭] বেটা শম্ভ্যার বিয়্যা। শম্ভ্যার বয়েস ছ'কুড়ি। চুল পেরায় পাকা। চার্ পাঁচটা বিয়্যা আগেই হ'ল্‌ছিলো,[৮] সব কটা ম'রে যেল্‌ছিলো[৯] ব'লে দুঃক্ষুতে তার মাথা ঠিক্ থাক্‌তো না; সবাই তাকে মাথা প্যালা[১০] শম্ভ্যা বুলে ডাক্‌তো। বুড়্যা জমিদ্দার ব্যাটার হ্যান[১১] ভাব দেখে বিয়্যা দিব্যার লেগে ব্যাস্তো হঁয়ে উঠলো। লায়েব, গুমুস্তা সবাই সলা কর্ত্তে লাগ্‌লো। লায়েব এ্যাক্‌টো ডাগর্‌পারা[১২] বাল্‌ক্যা[১৩] চুঁরতে লাগ্‌লো। অনেক ক'রে চুঁরার[১৪] পর লদীর উপারে[১৫] তেনাদের জমিদ্দারীর ভেতর জমিদ্দারের খাতোক্ লবীন বাণিজ্যার কন্যা চিন্ত্যামণীর সাঁথে একরকম জোর জাবুড়ি[১৬] ক'রে বিয়্যার কথা ঠিক্ ক'রে ফেল্‌লে। বাল্‌ক্যাটীর বাবার গরজ্ না থাক্‌লেও জমিদ্দারের গুঁত্যার[১৭] ভ'য়ে তার বিটীর[১৮] সঙ্গে বিয়্যা দিতে রাজি হ'লেন্।

ইদিকে চিন্ত্যা বুড়্যা বরের সঙ্গে বিয়্যা হবে শুনে কাঁদ্‌তো, আর ভগোবান্‌কে ডাক্‌তো। চিন্ত্যাকে উপাড়ার ডিপ্‌টী বাবুর বেটা গোবিন্দ্যা[১৯] খুব ভালবাস্‌তো, সে যখন ঐ কথা শুন্যাছিলো তখন রেগে কেঁদেই ফেলেছিলো। সে জান্‌তো জমিদ্দারের সঙ্গে ঝগ্‌ড়া করা ভেরম্[২০], পাল্লা

---

* প্রবন্ধটি বীরভূম জেলার ইতরশ্রেণীর লোকদিগের দ্বারা ব্যবহৃত শব্দে লিখিত।

১। আমপুর = বীরভূম জেলায় রামপুরহাট
২। মহকুম্যা = মহকুমা
৩। কোশ = ক্রোশ
৪। এ্যাক্‌টো = একটী
৫। বেজ্যায় = প্রকাণ্ড
৬। ঠিঁইকার = স্থানের
৭। মেত্বর = মধ্যম, মেজ
৮। হ'ল্‌ছিলো = হইয়াছিল
৯। যেল্‌ছিলো = গিয়াছিল
১০। মাথাপ্যালা = মস্তিষ্ক বিকৃতি
১১। হ্যানো = এই রকম
১২। ডাগর পারা = বয়স্কা
১৩। বাল্‌ক্যা = বালিকা
১৪। চোঁরা = অনুসন্ধান করা
১৫। উপারে = ওপারে, পরপারে
১৬। জোর জাবুড়ি = জোর জুলুম
১৭। গুঁত্যা = গুঁতো
১৮। বিটি = কন্যা, মেয়ে
১৯। গোবিন্দ্যা = গোবিন্দ
২০। ভেরম্ = ভ্রম

দেওয়া শক্ত হবে। চিন্ত্যার বাবা অনেক টাকা কর্জ্জো কর্য়্যাছিলো, শোধ দিতে পার্চ্ছে না বুলেই জমিদ্যারের নায়েব ও গুমুস্তার এই জুলুম। গোবিন্দ্যার কাছে ইমন [21] টাকা ছিলো না যাতে ঐ টাকা শোধ দ্যায়। বেচারী আর কি করে?—রুপায় [22] চিন্ত্যাতে লাগ্‌লো। দ্যাখ্‌তে দ্যাখ্‌তে বিয়্যার দিন চলে এলো।

জমিদ্যারের বাড়ীতে বেজ্যায় ধুমধাড়াক্কা লেগে গ্যালো—প্রত্যেক গরীব পেছু [23] এক আঁচোল্ ক'রে ভিজ্যাট্, [24] উখ্‌ড়্যা, [25] পেট্যালি [26] দেওয়া হ'তে লাগ্‌লো। পেরজার কাছ থেকে চাল্ ডাল্ কুমড়্যা, মুল্যা, কচু, পাটের শাগ্ আসতে লাগ্‌লো; দেখ্‌তে দেখ্‌তে পিঁড়্যা [27] চে'লেডে'লে [28] ভ'রে গ্যালো।

সাঁঝ রে'তে বিয়্যার লগনসা ছিলো। পাত্রো লতুন্ কাপড় লতুন পিরান্, লতুন ইষ্টিশিন, লতুন জুত্যা পায়ে দিঁয়ে পাল্কি চ'ড়ে "হিঁপ্ পো'লো [29] হিঁপ্ পো'লো শালা বড়াভারী" শব্দে বিয়্যা কর্ত্তে গ্যালো। আর বরকত্তা অ্যাক্‌টো পাল্কীতে গ্যালো। ঠাকুর মাশায় বরযাত্রিদিকে নিয়ে কম্ আস্তা [30] বলে হেঁটে গ্যালো।

বাণিজ্যা ঠাকুর খুবই আ'দোর আপ্যাৎ কর্য়্যাছিলো। কন্যাপক্ষের বাড়ীতে কিছুক্ষণ "দে হুঁক্যা—দে কল্‌ক্যা—দে সির্‌কেট্—দে তামুক" শব্দে ভারি মজু [31] হ'তে লাগ্‌লো। বরযাত্তিরা আনপুরের রাম্, [32] আমশাঁপিড়্যা, [33] পিঁপিয়্যা ও বড় বড় জেল্লাপী খেঁয়ে আবার পান তামুকের ছরাদ কর্ত্তে লাগ্‌লো। যারা বুড়্যা তাদিকে নোড়া হাতে পান থেঁথলিঞে [34] দিয়েছিলো। একথায় বুল্‌তে গে'লে খুবই পরিচর্য্যা কর্য়্যাছিলো।

বর ও কন্যাকে আল্‌পোন [35] দ্যা [36] ছোঁড়োলাতালা [37] নিয়ে যাবার কথাবার্ত্তা হ'চে ইমন সোময় গোবিন্দ্যা তার বন্ধু ফন্তাকে ও আরও দু'তিন

---

২১। ইমন্=এমন
২২। রুপায়=উপায়
২৩। গরীব পেছু=প্রত্যেক গরীবকে
২৪। ভিজ্যাট্=মুড়ি
২৫। উখ্‌ড়্যা=মুড়্‌কি
২৬। পেট্যালি=চাক্তি
২৭। পিঁড়্যা=বারান্দা
২৮। চেলেডেলে=চাউল, ডাউল
২৯। হিঁপপোলো ইত্যাদি=পাল্কি বাহকের ডাক
৩০। আস্তা=রাস্তা
৩১। মজু=মজা
৩২। রাম=আম
৩৩। আমশাঁপিড়্যা=পেয়ারা
৩৪। থেঁথ্‌লিঞে=থেঁথ করিয়া
৩৫। আল্‌পোন্=আলপোনা
৩৬। দ্যা=দেওয়া
৩৭। ছোঁড়োলা তলা=ছাঁদনা তলা

কুড়ি লেঠ্যালকে নিয়ে জড়ো হ'লো। প্রত্যেক লোক পেছু এক্ এ্যাক্‌টো হুঁড়ক্যা। সবাইত' এ্যাক্‌বারে চ্যাকা হ'য়ে গ্যালো। জমিন্দার তখন লায়েবকে নিয়ে বাণিজ্যাকে ভয় ছ্যাখাতে লাগ্‌লো—বাণিজ্যাও এ্যার একটুও জানতো না, সেও ভ্যাঁবাচ্যাকা হঁয়ে যিয়েছিলো।

জমিন্দার তখন অন্য রুপায় না দেখে পচ্ছ্যা দারবানকে ডেকে লতুন যারা এস্যাছিলো তাদের মাথা গুঁড়্যা কর্ত্তে বুল্লেন—কিন্তু গোবিন্দ্যার সেই চ্যাহারা দেখে কেও আগাতেই পারলে না। গোবিন্দ্যা তার পিরানের জেব্ থেকে এগার কুড়ি বা'র্ করে বুল্লে "এ জমিন্দার মাশায় এই লাও তোমার টাকা আর এই কাগজে লেখে দাও বাণিজ্যার সব টাকা শোধ"। বরযাত্তিরা এই দেখে জুত্যা ফেলে, নেংটী গুঁজে মার্‌লে দৌড়।

জমিন্দার ও বরকে তাক্ লেগে গ্যালো। ভট্‌চায্ মাশায় তখন ঘুম্নুঘুম্নু[৩৮] লস্যি লিছিলো। ইদিকে উপাড়ার বিন্দ্যাপিসী গোবিন্দ্যার হাত ধরে চিন্ত্যাকে বুল্‌লে "এই তোর সোয়ামী।"

হুজুনার বিয়্যা হয়ে গ্যালো। ইদিকে লতুন বরযাত্তি যারা গোবিন্দ্যার সঙ্গে আল্‌ছিলো[৩৯] তারা লুছি, পেলাও, বড়িপোঁস্তো,[৪০] কচুতেমাছে,[৪১] লেয়োর ঝাল্[৪২] জালমাছের[৪৩] তরকারী, তেঁতুল দিঁয়ে হামুনি মাছের[৪৪] চট্‌চটী[৪৫] খেঁয়ে বড্ডাই খুসী হ'লো। উদিকে বরকর্ন্যাকে নিয়ে ইপাড়ার উপাড়ার চিলোক্[৪৬] বালকেরা মস্কুরী[৪৭] কর্ত্তে লাগ্‌লো।

এ্যার শোধ লিব্যার লেগে জমিন্দার চেষ্টা ক'র্‌তে লাগ্‌লো, কিন্তু দিন কতক পরে যখন দেখ্‌লে যে গোবিন্দ্যা আমপুর মহকুম্যাতে মেজিষ্টেরেট্ হঁয়ে এস্যাছে তখন তার মুখ শুকিঞা[৪৮] আম্‌চুর্[৪৯] হঁয়ে গ্যালো।

তখন জমিদ্যার মাশায় রোজ বাণিজ্যার কাছে এ'সে পায়ের ধূল্যা[৫০] লিপো[৫১] আর ঘুরিঞা ফারিঞা[৫২] বাণিজ্যার জামায়ের পায়ে ত্যাল দিতো।

---

৩৮। ঘুম্নুঘুম্নু = বারংবার
৩৯। আল্‌ছিলো = আসিয়াছিল
৪০। বড়ি + পোস্ত = পোস্তা দানা
৪১। কচুতে মাছে = কচু + মাছ
৪২। লেয়োর ঝাল = লাউ তরকারী
৪৩। জালমাছ = কুচো চিংড়ি
৪৪। হামুনি মাছ = এক প্রকার চুণা মাছ
৪৫। চট্‌চটি = অম্বল
৪৬। চিলোক = স্ত্রীলোক
৪৭। মস্কুরী = ঠাট্টা তামাসা
৪৮। শুকিঞা = শুকাইয়া
৪৯। আমচুর = আমসি
৫০। ধুল্যা = ধুলা
৫১। লিপো = লইত
৫২। ঘুরিঞা ফারিঞা = প্রকারান্তরে

এ্যাকদিন মেজিষ্টেরেট্ ও তেনার ইস্তিরী যখন সন্ঝ্যার[৫৩] সোময় লদীর ধারে বেড়্যাতে যেল্‌ছিলো তখন এ্যাক্‌টো পেকুড়[৫৪] গাছের নামোতে একটো সন্ন্যাসী ঠাকুর দেখ্যাছিলো—সন্ন্যাসী বাবাকে যখন কাছে গিয়ে তারা দেখ্‌লে তখন বুঝ্‌তে পার্‌লে যে সে আর কেউ লয়, সে জমিদ্যারের ব্যাটা শম্ভ্যা।*

শ্রীবৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়
চতুর্থ বার্ষিক শ্রেণী

---

# গীতা

## বিষাদ যোগ

বাজিল রণের বাদ্য ঘন ভীম স্বরে
শ্রীকৃষ্ণ উড়ায়ে চলে নিশান অম্বরে।
অর্জ্জুন কহিল উচ্চে, হে অচ্যুতবলী।
বিরাজে বাসনা মম হেরিতে অন্তরে
কোন্ কোন্ বীর আজি আগত সমরে
তাই বলি রাখ রথ সেনা মধ্যস্থলী ;
ভীষ্ম দ্রোণ আদি যত গুরুমহাবলী
দুর্ব্বোধ কৌরব লাগি দিতে আত্মবলি
সমাগত রণভূমে, হিতাকাঙ্ক্ষী বটে
না জানি সে পাপাচারী দুর্য্যোধন শঠে।
হেরি সমাগত শত আত্মীয় জনারে
শ্রীকৃষ্ণেরে গদকণ্ঠে বলে বারে বারে
কাঁপিছে অন্তর মম অনাগত শোকে
হস্ত-ধনু ত্রস্ত হয়ে পড়িতেছে ঝুঁকে ;
আর না লাগিছে ভাল জয়াশার কথা
বিফল রাজ্যের সুখ কাটাকাটি বৃথা

কি ফল বাঁচিয়া বল তাদের বিহনে
রাজ্য ভোগ সুখ আদি যাদের কারণে।
ত্রিলোকের রাজ্য যদি পাই আমি, সখে,
তবু সে হত্যার কথা নাহি আনি মুখে ;
যদিও কথিত শাস্ত্রে আততায়ী বধে
নাহি কোন পাপ স্পর্শে, মত্ত যদি মদে
তথাপি স্বজনগণে বধি যদি রণে
দুখের পশরা শিরে দহিব জীবনে।
লালসার বশীভূত দুর্যোধন রথী
অনভিজ্ঞ ধর্ম্মাধর্ম্মে, যেন মত্ত হাতী!
কুলক্ষয় মিত্রক্ষয় এই দুই দোষে,
হৃদয়ে অনল জ্বলে অনুতাপ বিষে ;
তবে কেন হে কেশব! জানিয়া শুনিয়া
অনুচিত কার্য্য করি মরিব দহিয়া ?
অধর্ম্মে যদিবা কভু কুল নিমজ্জয়
কুলের কামিনীগণ ব্যভিচারী হয়,

---

৫৩। সন্ঝ্যার = সন্ধ্যার　　৫৪। পেকুড় গাছ = অশ্বত্থ বৃক্ষ

*যেগুলির অর্থ দেওয়া হইল না, সেগুলি পাঠক একটু চেষ্টা করিলেই বুঝিতে পারিবেন। যেরূপভাবে লিখিত হইয়াছে, এইরূপভাবে কথিত হয়।

কুলক্ষয়ে কুলধর্ম্ম কিছুতে না রয়
বর্ণের সঙ্কর দোষ ব্যভিচারে হয়।
জন্মিলে এহেন দোষ নরকে গমন,
অশুচি তাদের জলে'না হয় তর্পণ।
জাতি ধর্ম্ম কুল ধর্ম্ম একে একে ক্ষয়
তাদের আশ্রমে আসি অতিথি না রয়।
না রহিলে জাতিধর্ম্ম কুলধর্ম্ম দুই—
কি লাভ বল হে সখে! জয়ী যদি হই?
জীবনে শোভিবে বটে মাথায় কিরীট
মরণে হইব জেন' নরকের কীট;
তবে যদি মরি বৃথা কৌরবের হাতে,
ভাবিব এহেন লিখা আছিল বরাতে।
এতেক কহিল, বীর শ্রীকৃষ্ণ সারথে
অস্ত্রহীন বর্ম্মহীন দাঁড়াইয়া রথে।

---

## সাংখ্য যোগ

গলদশ্রু অর্জ্জুনেরে বলে ভগবান্
"ত্যজ মোহ, ত্যজ দৈন্য, ত্যজ অভিমান
তোমাতে এ অবসাদ সাজে না কখন,
তুমি পার্থ পরন্তপ রাখিও স্মরণ।"
"কিন্তু তুমি বল সখা শ্রীমধুসূদন
কেমনে বধিব আমি ভ্রাতা গুরুজন?
ভীষ্ম দ্রোণ আদি যত বীর জয়দ্রথে
নাশিব কেমনে বল তীক্ষ্ণ বাণাঘাতে?
জয় পরাজয় রণে বিধির ইচ্ছায়
তবে কেন বৃথা করি নিজ কুলক্ষয়"!
এতেক বলিলা কৃষ্ণে বীর মহারথী
"রণ মম বাঞ্ছা নয়, মন অন্যগতি।"
হাসিতে হাসিতে তবে বলেন সারথি
"রহিবে না শোক তব শুন শুভ্রমতি!
আত্মার নিগূঢ় তত্ত্ব শুন স্থির মনে
জানে অতি অল্প জন, এ তিন ভুবনে।
কৌমার যৌবন জরা এ তিন যেমন,
দেহীর দেহান্যগতি প্রযোজ্য তেমন,
শীত গ্রীষ্ম সুখ দুখ জীবের যেমতি
ইষ্টানিষ্ট বোধ, কালে অনিত্য তেমতি;
কিছুরি প্রভেদ নাই মন নির্ব্বিকার
সে জন অমরাবতী লভয়ে সত্বর।
অসতের প্রাদুর্ভাব নাহি কোন কালে
সতের অভাব নাই জানহ ভূতলে।
যে জন এ দেহ মাঝে রহে লুকাইয়া
কেহ না যাইতে পারে তারে উছাইয়া।
আত্মার বিকার নাই জানিও ধীমান্
অমর শাশ্বত নিত্য অজ ও পুরাণ।
দেহের বিনাশ আছে আত্মার তা' নাই
চিরকাল রহে নাক' জেন' কোন' ঠাঁই।
আমি ব্রহ্ম জ্ঞান যার হইবে উদয়
কিছুর লাগিয়া তার নাহি রয় ভয়।
মানবের যেই মত বস্ত্র পরিহার
আত্মার শরীর ত্যাগ, নব নব ধার
বিনাশিতে জল বল অরুণ বরুণ
পারে না কখন তারে,—নিত্যই তরুণ
অটল অচল স্থির অনন্ত অনাদি
সর্ব্বব্যাপী নাহি তার বিকার কি ব্যাধি।
অস্বীকার কর যদি অমরতা তার
তাহ'লে না উতরিবে শোক পারাবার।

জনম যদ্যপি হয় মরণ নিশ্চয়
ঘটনার চক্রাবর্ত্তে কর্ম্মফল বয়।
ক্ষত্রিয়ের জাতিধর্ম্ম যুদ্ধ সুযোধন
বাঁচুক মরুক রণে না ফিরে কখন
স্বপন কি ইন্দ্রজাল ক্ষণমাত্র রয়
দেহীর জীবন ভবে সেই মত বয়।
এক আত্মা সকলেতে চিরকাল রহে
তবে কেন বল পার্থ! দহিতেছ মোহে।
আত্মধর্ম্ম রক্ষা হেতু লোক কি না করে,
রণ সে তোমার ধর্ম্ম, কি ভয় সমরে?
অন্যথা, যে সব রথী করে সম্মানন,
কহিবে, করেছে পার্থ রণে পলায়ন।
ঋষি ঋক সর্ব্বজনা করিবে ঘোষণ
অকীর্ত্তি, তাহার চেয়ে উত্তম মরণ।
ধর্ম্মযুদ্ধে যদি পার্থ মৃত্যু তব ঘটে
দেবতা খুলিয়া দিবে স্বর্গের কবাটে।
আর যদি জয়ী হও রণে ধনঞ্জয়,
ঘোষিবে ধরণী তব বীরত্বের জয়।
শুন মন দিয়া তবে কৌরব-গৌরব,
কহিব কর্ম্মের কথা যোগ ভোগ সব
জনম মরণ ভয় রহিবে না আর
টুটিবে সকল দৈন্য মোহ অন্ধকার।
না রহে যাহার চিতে ফলাফল ভেদ
থাকিতে পারে কি কভু জরা মৃত্যু খেদ?
নিষ্কাম বেদের ধর্ম্ম পালয়ে যে জন,
আপনি মিলয়ে আসি পরমার্থ ধন;
ঈশ্বরে করেছে যেই সর্ব্ব সমর্পণ
সমান তাহার কাছে সত্য ও স্বপন।"
অর্জ্জুন কহিল তবে, বল হে কেশব!
সমাধিতে স্থির যেই, ধরে কোন ভাব?
"পরমার্থ জ্ঞান হয় নিদর্শন তার
না রহে কখন জেন সুখ দুঃখ আর।
মিত্রামিত্রে সমজ্ঞান উদাসীর ভাব,
ইন্দ্রিয়ের বশে যার আত্মার প্রভাব।
বিষয় বাসনা আদি নাহি কিছু তার
নাহি মান অভিমান মনের বিকার।
সরল কয়েক কথা রাখিও স্মরণ
আসক্তি বাসনা কাম ক্রোধের কারণ।
ক্রোধ হ'তে মোহ আর মোহ হ'তে ভ্রম,
চেতনা নাশিতে এর কেহ নয় কম।
লোভে পাপ পাপে মৃত্যু জানিয়া বচন।
লোভেরে ত্যজিতে পারে অতি অল্প জন
সংযম আছয়ে যার কি ভয় তাহার
ইন্দ্রিয় নিগ্রহ নাশে যাতনার ভার।
নির্ম্মম নিরহঙ্কার আত্মজয়ী জন
অবশ্য দুয়ারে তার বিশ্বের কারণ।

শ্রীপ্রদ্যোৎকুমার দাশগুপ্ত
চতুর্থ বার্ষিক শ্রেণী

# বর্ত্তমান যুগের কলা-শিল্প

আজ বিশ্বময় যে কলাশিল্পের এত আদর, তার কারণ বিশ্ববাসী আজ বুঝেছে, মানুষকে বাঁচতে হলে তাকে দুটি দিক দেখতে হয়—অন্তর আর বাহির। বাহিরটাকে বাঁচাতে হলে যেমন তার আহারের প্রয়োজন হয় অন্তরটাকে বাঁচাতে হলেও তেমনি আহারের প্রয়োজন হয়। দৈনন্দিন আহার ও ব্যায়াম মানুষের বাহিরটাকে বাঁচিয়ে রাখে, কিন্তু অন্তরের বা মনের আহার হল কলা, শিল্প, সাহিত্য। আরও বুঝেছে মানুষের এই অন্তরের সঙ্গে বহির্জগতের একটা নিগূঢ় সম্বন্ধ আছে, বহির্জগতের শুধু বাহিরের আকারটুকু, তার উপরের আবরণটুকু বাদ দিলে যা থাকে, তার সঙ্গেই মানুষের মনের এই সম্বন্ধ; এই সম্বন্ধের হেতুই মানুষের মনে কল্পনা, সাহিত্য, কলার সৃষ্টি করে। এই সম্বন্ধ মানুষের প্রাণে একটা সাড়া, একটা আত্মবোধ, আপনার প্রকৃত রূপটাকে প্রকাশ করবার একটা ইচ্ছা জাগিয়ে দেয়, তাই মানুষ চিন্তা করতে থাকে, সাহিত্যের সৃষ্টি করতে থাকে, ছবি আঁকতে থাকে, নূতন নূতন শিল্প উদ্ভাবন করতে থাকে। মানুষ যখনই বহির্জগতের সেই নিগূঢ় তথ্যের সন্ধান পায় তখনই প্রাণের ভাষায় সেটা লোকের চোখের সামনে ধরবার জন্য আকুল হয়ে উঠে আর এই ধরবার কাজটাই হল আর্ট।

একটা জাতির পরিচয় নিতে হলে আগে দেখি আমরা তার সাহিত্য, শিল্প কলা; জাতি যুগ যুগান্তর ধরে বেঁচে থাকে শুধু তার এই দিক দিয়ে, অতএব সাহিত্য শিল্প কলাই জাতির ভূত ভবিষ্যতের একটা সঠিক পরিচয়। জাতি তার জীবনের চরম সার্থকতা লাভের জন্য কতদূর অগ্রসর হয়েছে, কতদূরে গিয়ে সে তার জীবনের প্রকৃত পরিচয় দিয়েছে, এ খবর দিতে পারে কেবল তার আদি ও বর্ত্তমান সাহিত্য ও কলা। যে জাতির সাহিত্য নাই, কলা নাই, যে জাতির সাহিত্য কলায় তার মনের উৎকর্ষ অপকর্ষের প্রমাণ পাওয়া যায় না, সে জাতি প্রাণহীন।

কলাশিল্পপ্রিয়তায় আমেরিকা আজ জগতের সকল জাতির শীর্ষ স্থান অধিকার করেছে; আর আমেরিকা যে বর্ত্তমান জগতের সকল জাতির অপেক্ষা সকল বিষয়ে বড় সে কথা বড়, কেউ অস্বীকার করেন না;

তাদের শিল্প কলা সাহিত্য আজ সকল জাতির শিল্প কলার অনেক উপরে স্থান লাভ করেছে। ১৯১০ সাল থেকে এ পর্য্যন্ত তারা এত চারুশিল্প-নিদর্শন সংগ্রহ করেছে যে তার মূল্য বহু ডলার হবে। তাদের এই আশ্চর্য্য কলাপ্রিয়তার একটা জলন্ত উদাহরণ পাওয়া যায় তাদের আর্ট মিউজিয়াম গুলির দ্রুত সংখ্যা বৃদ্ধির দিকে দৃষ্টি করলে। ৫০ বৎসর আগে আমেরিকায় একটাও ফাইন আর্ট মিউজিয়াম ছিল না; আর আজ সে স্থানে ৫৩টী বিখ্যাত আর্ট মিউজিয়ামের নাম করতে পারা যেতে পারে। চিকাগো, ফিলাডেলফিয়া, বোষ্টন, বাল্টিমোর, ওয়াশিংটন, ক্লিভলাণ্ড (Chicago, Philadelphia, Boston, Baltimore, Washington, Cleveland and other cities) প্রভৃতি সহরের আর্ট মিউজিয়ামগুলি অতি দ্রুত তাদের সঞ্চয়ের সংখ্যা বৃদ্ধি করছে।

আমেরিকার এই ললিত কলা সংগ্রহের মূলে ব্যক্তিগত প্রভাবই লক্ষিত হয়। নিজের কলানুরাগ চরিতার্থ, অথবা সাধারণ আর্ট মিউজিয়ামের সাহায্যকল্পে অনেক আমেরিকাবাসী তাদের প্রভূত ধনৈশ্বর্য্য নিয়োগ করেছে এবং এখনও করছে; সেই কারণেই আমেরিকা এত শীঘ্র জগতের এত বড় একটা চিত্র সম্পদের অধিকারী হতে সমর্থ হয়েছে।

ইংলণ্ড, ফ্রান্স, ইতালী প্রভৃতি ইউরোপীয় অন্যান্য দেশের অবস্থা কিন্তু ঠিক এর উল্টো। এসব দেশে যদিও সাহিত্য কলাশিল্প অনুরাগীর অভাব নেই, কিন্তু প্রায় সমস্ত সাধারণ আর্ট মিউজিয়ামই গভর্ণমেণ্টের ব্যয়ে পরিচালিত হয়। জাতীয় জীবনে কলাশিল্পের প্রয়োজনীয়তা অনুভব করেই গভর্ণমেন্ট এই সকল ব্যয় করতে বাধ্য হন। ইতালী, ফ্রান্স সময়ে সময়ে ধর্ম্মসাম্প্রদায়িকদের সাহায্যও পেয়ে থাকেন।

আমাদের দেশে বহু প্রাচীন যুগের অজন্তা গুহাচিত্র সমূহের গৌরবটুকুই আমাদের সম্বল; তাহার তুলনায় বর্ত্তমানে আমাদের কিছুই নাই বল্লেও চলে। এতদিন পরাধীন জাতি তার জীবনে কলাশিল্পের বিশেষ কোন প্রয়োজনীয়তা অনুভব করে নি। এটা জাতীয় প্রাণ-হীনতার লক্ষণ সন্দেহ নাই, আর পরাধীন জাতির পক্ষেও কিছুই অস্বাভাবিক নয়। শরীরে অসুখ থাকলে মানুষ সুখের কল্পনা করতে পারে না। কিন্তু অসুখ চিরদিন থাকে না ঘুমন্তও চিরদিন ঘুমিয়ে থাকে না; একদিন তাকে জাগতেই হবে। আজ আমাদের সেইটুকুই অবলম্বন সেইটুকুই আশা; আজ তাই আমাদের

জীবনে আবার জাগরণ দেখা দিয়েছে; আজ প্রাণহীন জাতি জীবনের স্পন্দন অনুভব করেছে; আমাদের সাহিত্য কলা আজ বিশ্বের সকল জাতি কর্ত্তৃক আদৃত হয়েছে, আজ আমাদের দেশে আবার কলানুরাগ জেগে উঠেছে। বিভিন্ন স্থানে কলাচর্চ্চার জন্য বিশেষ সমিতি গঠিত হয়েছে। তিন বৎসর আগে আমাদের দেশের সাধারণের মধ্যে কলাশিল্পের বড় আদর ছিল না; আর আজ মাসিকের পাতায় পাতায় চিত্র, তার সমালোচনা বার হচ্ছে।

উপরি উপরি তিন বৎসর তিনটী শিল্প প্রদর্শনীতে এমন অনেক বড় বড় চিত্র-শিল্পির পরিচয় পাওয়া গেছে যাঁরা সহজেই পাশ্চাত্যের অনেক নিপুণ চিত্র-শিল্পির সমকক্ষ হতে পারেন—যাঁদের রং ও তুলিকার নিপুণতা আজ অনেক বিদেশীও অস্বীকার করবেন না। শিল্পাচার্য্য শ্রীযুক্ত অবনীন্দ্রনাথ ঠাকুর, দেবীপ্রসাদ রায় চৌধুরী, হেমেন্দ্র মজুমদার, ভবানীচরণ লাহা, যামিনী রায়, আর্য্যকুমার চৌধুরী, যতীন্দ্র সেন, সুরেন্দ্র বাগচী, সারদাচরণ উকিল, মহম্মদ আবদার রহমান চাঘতাই প্রভৃতি আজকালকার প্রখ্যাতনামা চিত্র-শিল্পী। আজকাল চিত্র-শিল্পীর সংখ্যাও যেরূপ বেড়ে চলেছে তাতে ভবিষ্যতে আমাদের চিত্র-শিল্প যে জগতে'র চিত্র সম্পদের মধ্যে একটা বিশিষ্ট স্থান লাভ করতে পারবে সে বিষয়ে সন্দেহ নাই।

এ সকল খুবই আশার কথা সন্দেহ নাই। কিন্তু চিত্র-শিল্পের এই তরুণ যুগে যেমন চিত্র-শিল্পির সংখ্যা-বৃদ্ধির প্রয়োজন, চিত্র গুণগ্রাহীর সংখ্যাবৃদ্ধিও তেমনি প্রয়োজন। তা না হলে কখনই এ শিল্প স্থায়িত্ব লাভ করতে পারবে না। আমেরিকায় যদি আজ এই চিত্র গুণগ্রাহীর অভাব হতো তা হলে তার পক্ষে ইউরোপের চিত্র ঐশর্য্যের অধিকারী হওয়া সম্পূর্ণরূপে অসম্ভব হয়ে দাঁড়াত। চিত্র-শিল্প শুধু ধনীর বিলাসের উপকরণ নয় ভেবে আজ দেশের সকলে যদি শিল্পীদের যথেষ্ট উৎসাহ দিতে কার্পণ্য না করেন, তা হলে অদূর ভবিষ্যতে তাদের পক্ষে পাশ্চাত্যের সমকক্ষ হওয়া কিছুই অসম্ভব হবে না।

শ্রীধীরেন্দ্রনাথ মজুমদার
তৃতীয় বার্ষিক শ্রেণী

---

# আশুতোষ-প্রয়াণে

১

নিঠুর নিয়তি ! কেন, মুকুলে ফেলিলে তুলি ?
আজি তাই কাঁদে হেন, সকলে আপনা ভুলি।
নিখিল মানবে কাঁদে বিনাইয়া নানা ছাঁদে
শোকাবেগে কণ্ঠ বাঁধে ; প্রিয়জনে কাঁদে বলি,—
"মোদের ফেলিয়া গেলে, আশুতোষ, কোথা চলি ?"

২

চূত-পাদপের মত শাখা-বাহু প্রসারিয়া,
মানুষ করিলে সবে শীতাতপে আবরিয়া।
সুশীতল ছায়া দানে সকলে আপনা জ্ঞানে
মানুষ করিলা প্রাণে, তাই তারা কাঁদে বলি,—
"মোদের কাঁদায়ে গেলে, আশুতোষ, কোথা চলি ?"

৩

নিরাশ্রয় ক্ষুধাতুরে দিয়েছিলে স্নেহে স্থান
জ্ঞান-ক্ষুধা দূরিবারে করেছিলে ফল-দান।
বিশাল সে তরুবরে হায় ! নিয়তির চরে
ছিঁড়িলা কঠিন করে ; তাই তারা কাঁদে বলি,—
"শোকেতে ভাসায়ে গেলে, আশুতোষ, কোথা চলি ?"

৪

তুমি ত মানব নহ ছিলে গো অমর পুরে ;
বঙ্গের অসুখ দেখে এসেছিলে এতদূরে।
ছিলে যবে ধরা পরে পারে নাই চিনিবারে
আজিকে তোমার তরে, তাই তারা কাঁদে বলি,—
"মোদের রাখিয়া গেলে, আশুতোষ, কোথা চলি ?"

৫

বিভুর আদেশে তুমি সুবিচার ভার ল'য়ে
এসেছিলে বঙ্গভূমে, কত দুখ গেলে সয়ে।
মূর্খ দেশবাসিজনে নিন্দিয়াছে প্রতিক্ষণে
ক্ষমা চাহে ক্ষুণ্ণ মনে, আজি সদা কাঁদে বলি,—
"মোদের রাখিয়া গেলে, আশুতোষ, কোথা চলি ?"

৬

রাখিও মোদের মনে, থাকি মন্দাকিনী-তীরে ;
ঢালিও আশীষ-ধারা তব দেশবাসি-শিরে।
তোমার প্রতিভা ভাল করেছিল বঙ্গ আলো
আজিকে বাঙ্গালা কাল, তাই তারা কাঁদে বলি, —
"বাঙ্গালা আঁধারি গেলে, আশুতোষ, কোথা চলি ?"

শ্রীমণিমোহন মুখোপাধ্যায়
প্রথম বার্ষিক শ্রেণী

---

# আমাদের বিদ্যায়তন।

মানুষের স্বভাব এম্‌নি যে, 'আমার' ব'লতেই তার মনের মধ্যে স্বতঃই একটা আনন্দের উচ্ছ্বাস ছুটে আসে। আমার গ্রাম, আমার বাড়ী, আমার স্কুল, আমার কলেজ—আমার প্রত্যেক জিনিষের মধ্যে 'আমিত্বের ভাব' অজানিত ভাবে একটা সরল আবেগ এনে দেয়। সে আজ কতদিনের কথা, যখন আমি মাইনর স্কুলে প'ড়তাম। তখনকার স্মৃতি আমার হৃদয়ে আজও সজাগ হ'য়ে রয়েছে। সে সব অতীতের কথা ভাবলে এখনো মনের মধ্যে অনাবিল আনন্দের স্রোত বয়ে যায়। বাল্যের স্মৃতি এম্‌নি মোহময়, এম্‌নি স্নেহজড়িত !

বেশী দিনের কথা নয়। এই গত গ্রীষ্মের অবকাশে যখন বাড়ী যাই তখন আমাদের গ্রামস্থিত মাইনর স্কুলের হেডমাষ্টার মহাশয় কিছুদিনের জন্য ছুটী নিয়েছিলেন। আমার মামা হচ্ছেন স্কুলের সেক্রেটারী। তিনি বলিলেন, 'বাবা, মাসখানিকের জন্য হেডমাষ্টারের কাজটী চালিয়ে দাও না'। ইঙ্গিতে জানিয়েও দিলেন যে পকেট খরচা স্বরূপ কিছু পাওয়া যাবে। কথাটা তুলতেই প্রাণের মধ্যে ছোট বেলার সব পুরাতন স্মৃতিগুলি নূতন সাজে এসে বিপুল আনন্দের তুফান তুললো। এ রকম স্মৃতির সুখময় তুফানে যে ঝাঁপ দেয়নি, বাস্তবিক তার জীবন যেন অসম্পূর্ণ র'য়ে গেছে। মাসের শেষে আমাকে বেতন দিতে আসায় আমি উহা লইয়া Donation Book-এ জমা দিই। এই সামান্য কর্ত্তব্যটী ক'রে যে আনন্দ আমি উপভোগ ক'রেছিলাম, আমার বয়সে সে রকম বিমল আনন্দ আমি উপভোগ করি নাই। যাক্ এক বিষয়ে লিখ্‌তে ব'সে অন্যদিকে এগিয়ে গেছি।

কথা হচ্ছে আমাদের কলেজ নিয়ে। এই কলেজের ছাত্র আমরা,—আমাদের এই কলেজের প্রতি কর্ত্তব্য কি ? কি কর্ত্তব্য—এটা বড় সহজ জিনিষ। বিশেষতঃ প্রাপ্তবয়স্ক ছাত্রদের এ বিষয়ে অধিক্ বলা বাহুল্য। কিন্তু দুঃখের বিষয়, এই সহজ কর্ত্তব্যগুলিকে অনেকে 'সহজ-গণ্ডির' মধ্যে ফেলে

দিয়ে কর্ত্তব্যের গুরুত্ব কমিয়ে দেন,—সহজকে জটিল ক'রে তোলেন। বাস্তবিক এর চেয়ে অধিক আক্ষেপের বিষয় আর হতে পারে না। ইহাতে কলেজের বিশেষ উপকার নাই, উপকার এতে নিজেদেরই। নিজ নিজ কলেজের প্রতি একটা স্নেহের টান—একটা মায়ার আকর্ষণ থাকা একান্ত বাঞ্ছনীয়। ফ্রেঞ্চ ভাষায় ইহারই নাম esprit de corps, বা সংঘমনের শক্তি'। একদিন কোন ভদ্রলোক, অবশ্য তিনিও একজন কলেজের ছাত্র, আমাকে জিজ্ঞাসা করেন, 'ম'শায় অপনি কি করেন?' আমি ছাত্র,—এটা তাঁকে জানিয়ে দেওয়ায় তিনি কলেজের নাম জিজ্ঞাসা করেন। আমি সহজ ভাবে উত্তর দিই South Suburban College, Bhawanipur. (তখন Asutosh College নাম হয়নি। আমি তখন পড়ি First year এ) কথাটা শুনতেই ভদ্রলোকটী এমন ভাব দেখালেন, যেন এ কলেজটা কিছুই নয়! আমার পা হতে মাথা পর্য্যন্ত জ্বলে উঠল। আমি তাঁকে সহজ ভাবেই বল্লাম, 'কলেজ'টা বোধ হয় ওঁচা নয়। ছাত্র হিসাবে ব'লতে গেলে বরং ব'লতে পারেন। কিন্তু যদি কলেজ হিসাবে বলে থাকেন, তো মস্ত একটা ভুল ক'রেছেন। কারণ Presdiency, St. Paul, St. Xavier's ইত্যাদি অন্যান্য কলেজগুলি Non-ওঁচা, অর্থাৎ তারা মার্কা-মারা ছাত্রগুলি বেছে লন এবং রেখে দেন ওঁচাগুলোকে আমাদের মত কলেজের জন্য। অথচ বৎসরের শেষে Percentage হিসাবে দেখ্‌তে গেলে পাশ করায় এই ওঁচা ছাত্র পরিবেষ্টিত Suburban College-ই অন্যান্য College অপেক্ষা অনেক বেশী। আমাদের কলেজের মত system যদি অন্যান্য কলেজে থাক্‌তো, আর যদি অন্যান্য কলেজের প্রোফেসর মহোদয়গণ আমাদের কলেজের প্রফেসার গুলির মত প্রাণ ঢেলে পড়াতেন, তা'হলে ঐ সমুদায় কলেজের Non-ওঁচা অর্থাৎ বাছাই ছাত্রগুলির জ্ঞানের গণ্ডির সীমা আরো অনেক দূর বিস্তৃত হতো। ভালকে ভাল করা, সাদাকে কালো করা বড় সহজ। কিন্তু মন্দকে ভাল ক'রতে, কালোকে সাদা ক'রতে, অনেকটুকু মশলা খরচ ক'রতে হয়।' বাস্তবিক এই প্রকার উত্তর পাওয়াতে বেচারা ছাত্রটী আর কথাটী পর্য্যন্ত বলে নি। এখন ছাত্রদিগের মোটামুটী কর্ত্তব্যের বিষয়ে কিছু বলা যাক্‌।

আমার মনে হয় প্রত্যেক ছাত্রের প্রথম কর্ত্তব্য শিক্ষায়তনের শাসন-নীতি রক্ষা করা। First year-এর ছাত্রগণের মধ্যে অনেকেই বড় চাঞ্চল্যের ভাব দেখান। তাঁহাদের স্মরণ রাখা কর্ত্তব্য যে, school life এবং college lifeএ প্রভেদ অনেকখানি। অনেককে দেখা যায় কোন class শেষ হতেই এবং উক্ত class এর সমুদায় ছাত্র বাহির না হতেই হুড়পাড় ক'রে ঢুকে পড়েন। এ বড় খারাপ অভ্যাস। তাঁদের মনে রাখা দরকার যে, ইহাতে উভয় পক্ষেরই ক্ষতি। যাঁহারা বাহিরে আসবেন তাঁদের, ও যাঁহারা ভিতরে প্রবেশ করিবেন তাঁদের—উভয়েরই সমান অসুবিধা হয়। আবার অনেক সময় এও দেখা যায় যে, এক ঘরে কোন ক্লাস হচ্ছে, তার পার্শ্বের ঘর হতে

বিকট শব্দ আস্‌ছে। হয় তো অধ্যাপক মহাশয়ের আস্‌তে একটু বিলম্ব হতে পারে, কিন্তু তাই বলে তাঁর অনুপস্থিতির Undue privilege নিয়ে চীৎকার করা কোন মতেই সমীচীন নয়। এ অভ্যাস অবশ্য পরিহার্য্য। ইহাতে পার্শ্ববর্ত্তী ক্লাসের সমূহ ক্ষতি হয়। অবশ্য আমি এ সমস্ত কথা সাধারণ ভাবে বলিতেছিনা ; কিন্তু এ রকম ছাত্র যে নাই তাও ব'লতে পারি না। মোট কথা 'ছেলেমো'টা শিক্ষায়তনের বাইরেই ভাল।

দ্বিতীয় কর্ত্তব্য, college propertyকে নিজের ব'লে জ্ঞান করা। কলেজের যা-কিছু সব যেন আমার, এই ভেবে প্রত্যেক জিনিষ ব্যবহার করা উচিত। এমন অনেক ছাত্র আছেন যাঁহারা college property'র অপব্যবহার করে গর্ব্ব প্রকাশ করেন। এতে গর্ব্বের কিছুই নাই, অধিকন্তু এতে নিজেকে বিশেষ ক'রে খর্ব্ব করা হয়। কোন জিনিষ ভাঙা বড় সহজ, কিন্তু গ'ড়ে তোলা বড় কঠিন। অনেক গুলি দ্রব্যের সংযোগে একটী জিনিষের গঠন হয়। সুতরাং কোন কিছু ভাঙাতে বিশেষ আনন্দ নাই—আনন্দ আছে গড়ার মধ্যে। আমরা নিজেরাই যদি কোন একটা জিনিষকে গ'ড়ে তুলি, আর যদি কেউ তা ভাঙ্‌তে আসে তা হ'লে স্বতঃই আমাদের মনে হবে 'একি! আমরা যা কষ্ট ক'রে গড়েছি ওরা তা ভাঙ্‌বে কেন?' অমনি একটা বিরাট উত্তেজনা, একটা গভীর ব্যাকুলতা জেগে উঠ্‌বে! বালক বালিকাদের ধূলা খেলার মধ্যেও এই একই জিনিষের পরিচয় পাওয়া যায়। যদি কোন বালক বা বালিকার সযত্নে গড়ে তোলা মাটীর ঘর ভেঙ্গে দেওয়া যায় তা হলে ভয়ে যদি সে মুখে কিছু না বলে তা হলেও তার রক্তিম ছল ছল চোখ দুটী তার হৃদয়ের ব্যর্থ আক্রোশ প্রকাশ করে।

প্রথম, দ্বিতীয়, তৃতীয় ক'রে কর্ত্তব্য বর্ণনা করার কোন প্রয়োজন নেই। কর্ত্তব্য আমাদের চতুর্দ্দিকে। কর্ত্তব্য জ্ঞান থাকলে মানুষের মধ্যে কর্ম্মের প্রেরণা জেগে উঠে। আর এই কর্ম্মই মানুষের জীবন। আমাদের সম্মুখে, আমাদের পশ্চাতে, আমাদের বামে, আমাদের দক্ষিণে—চতুর্দ্দিকেই আমাদের কর্ত্তব্য। জীবনের শেষ আছে, কিন্তু কর্ত্তব্যের ও কর্ম্মের শেষ নাই। ইহারা অনাদি—অনন্ত—অসীম। প্রত্যেক ছাত্রেরই স্মরণ রাখা কর্ত্তব্য যে কলেজ শুধু বিদ্যাপীঠ নয়, তার চেয়ে আরও কিছু বেশী। এটা চরিত্র গঠনের প্রধান স্থান। বাল্যে school-এ চরিত্রের যে ভাব থাকে তাহাকে স্বাভাবিক চাঞ্চল্য বলিলেও অত্যুক্তি হয় না। কিন্তু যৌবনের প্রাঙ্গণে দাঁড়িয়ে যুবক ছাত্রের চরিত্র কলেজেই গঠিত হয়ে থাকে। এই যৌবনের তরঙ্গকে আমাদের চরিত্ররূপ দাঁড়ের আঘাতে সকল দিকে সামঞ্জস্য রাখিতে হইবে। এই দীর্ঘ চার বৎসরে যে প্রকার চরিত্রের গঠন হবে তার পতন সহজে হবে না।

আর দু একটী কথা ব'লে শেষ ক'রবো। অনেকেই জানেন যে, আমাদের প্রিন্সিপ্যাল মহাশয় College Building'র জন্য একটী fund খুলেছেন।

তিনি প্রস্তাব ক'রেছেন যে, College এর Ex-students দিগের নিকট হতেও সাহায্য চাওয়া হবে। এ প্রকার প্রস্তাব তিনি কেন ক'রেছেন? কারণ আছে। বিবেচক তিনি, দূরদর্শী তিনি, ভেবে চিন্তে কাজ ক'রেছেন। ধর, কেউ কোন স্থানে একদিনের জন্য বেড়াতে গেল। সে স্থানের দৃশ্য একদিনে যা দেখে আসবে তিন দিনেও সে তা ভুলতে পারবেনা। আমি নিজে ম্যাট্রিক পরীক্ষা দিয়ে পুরী ও দার্জ্জিলিঙ্গ বেড়াতে গিয়েছিলাম। পুরীতে ১৫ দিন এবং দার্জ্জিলিঙ্গে মাসাধিক কাল অতিবাহিত করেছিলাম। এ আজ প্রায় চার বৎসরের কথা। কিন্তু আজও পুরীর সমুদ্রের গম্ভীর গর্জ্জন, নীলাম্বুর বিরাট কল্লোল, বিপুল উচ্ছ্বাস, সবগুলি আমার কাণে আজও ঠিক তেমনি ভাবে বাজে। সেই সমুদ্র স্নান, সেই তটভূমি, সেই নীলাকাশের সহিত নীলাম্বুর কোলাকুলি আজও আমার চোখের সামনে ভেসে ভেসে ওঠে। দার্জ্জিলিঙ্গের বিরাট পর্ব্বতের মনোরম দৃশ্য, পাইন বৃক্ষের অবিরত শোঁ শাঁ রব, নির্ঝরের ঝর্ ঝর্ মৃদুধ্বনি, গভীর গহ্বরের নিম্নদেশে প্রবাহিত ক্ষুদ্র ক্ষুদ্র স্রোতস্বিনীর কুলকুল শব্দ, মেঘের গর্জ্জন, বৃষ্টির ধারা তুঙ্গশৃঙ্গের তুষারাচ্ছাদিত সূর্য্যরশ্মি প্রতিফলিত অপরূপ বিচিত্র দৃশ্য কিছুই ভুলাতে পারিনি। সবগুলি একটী একটী করে হৃদয়ের পরদায় পরদায় গভীর ভাবে আঁকা আছে। সবগুলির সঙ্গে কেমন একটা নিবিড় স্নেহ, কি যেন একটা গভীর মায়া হয়েছিল। প্রিন্সিপ্যাল মহাশয়ও সহজেই উপলব্ধি করেছেন যে, যাঁহারা তাঁহার কলেজে সুদীর্ঘ চার বৎসর কাল কাটিয়ে গেছেন, যাঁদের সঙ্গে কলেজের প্রত্যেক দ্রব্যের সঙ্গে চার বৎসর কাল ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল, তাঁদের মধ্যে কলেজের উপর মায়া অল্প বিস্তর পরিমাণে আছেই আছে। এই ধারণায় তিনি ভূতপূর্ব্ব ছাত্রগণের নিকট সাহায্যপ্রার্থী হতে সাহসী হয়েছেন। বাস্তবিক যাঁদের মধ্যে প্রাণের সাড়া আছে, কর্ত্তব্যের ডাকে যাঁদের প্রাণ সাড়া দেয় তাঁরা নিশ্চয়ই নিজেদের সাধ্যমত সাহায্য কলেজের যে কোন উন্নতি কল্পে সাহায্য করবেন। বহু দিন পর এসে যদি কেউ কলেজটী দেখেন তখন তাঁর মনে অবশ্যই হবে, এটা 'আমাদের' কলেজ—আমাদের চেষ্টায় আমাদের যত্নে-গড়া এ সৌধখানি।

শ্রীআর, সুলতান
চতুর্থ বার্ষিক শ্রেণী

---

## চোর

জুরীর বিচারে যখন সে চুরীর অপরাধ থেকে খালাস পেলে, তখন তার আনন্দ তো মোটেই হোল না বরং একটা ভাবনা এসে তার মাথাটা ঘুলিয়ে দিলে, এখন সে খাবে কি করে? চুরী করার মজাটা যে কি, সেটা এতদিন হাজতে থেকে বুঝতে পেরেছিল এবং সে প্রতিজ্ঞা করে বসেছিল, আর দ্বিতীয়বার ওপথ মাড়াবে না। খালাস হবার জন্যে চেষ্টা করেছিল অনেক। কিন্তু যখন সত্যই খালাস হোল, তখন সে ভাবনায় অস্থির হয়ে উঠ্লো।

হাকিম যখন বল্লেন, "আসামী খালাস!" তখন সে করজোড়ে বল্লে, "ধর্ম্মাবতার! খালাস তো দিলেন, কিন্তু খাবো কি ক'রে? মাস পাঁচ-ছয় সরকারের ভাত খেতুম, তা'ও বন্ধ করে দিলেন, হুজুর!" আদালতে একটা হাসির রোল পড়ে গেল, হাকিমও তাঁর গাম্ভীর্য্যের আবরণটা যথাসম্ভব খুলে দিয়ে মুখ টিপে টিপে হাসতে লাগলেন আর জুরীবাবুদের দিকে আড়ে আড়ে তাকাতে লাগলেন—সে দৃষ্টির মানে হচ্ছে, "কেমন মশাই, ছেড়ে তো দিলেন, এইবার ম্যাও সামলান!" আসামী খালাস দিবার ইচ্ছা তাঁর মোটেই ছিল না—প্রেমোসনের ইচ্ছা তো আছে—তবে দশচক্রে পড়ে ভগবান যেমন মাঝে মাঝে ভূত বনে যান, তাঁকেও তেমনি জুরীচক্রের মাঝে পড়ে নিজের অনিচ্ছাসত্ত্বেও বোকা বনে যেতে হয়েছিল। তাঁর মুখের গোড়ায় এসেছিল,—"যে সব জুরী বাবুরা তোমার উপর দয়া করে ছেড়ে দিলেন, তাঁদের এক একজনের বাড়ীতে এক একদিন রাত্রে উঁকি মারলেই অন্তত বছরখানেকের মত জোগাড় হয়ে যাবে।"—কিন্তু এজলাসে ওকথা বলা শোভা পায় না কিনা—তাই বোধ হয় থেমে গেলেন।

চুরীর আসামী রামচরণ যখন বাড়ী ফিরে এল, দুটি মাস হাজতবাসের পর—বাড়ীতে একটা আনন্দের হল্লা পড়ে গেল। ছোট মেয়েটি বাপের কোল আর ছাড়তে চায় না। আট বছরের ছেলে বাপের পাশ ঘেঁসে বসে মুড়ী চিবুতে লাগলো দুপাটি মেড়ে বার করে। আর তাদের মা ছেঁড়া ময়লা আটহাতী একখানা কাপড় পরে কপাল পর্য্যন্ত ঘোমটা টেনে চৌকাঠের উপর বসে হাজতের গল্প শুনছিল।

দু'চার দিন বেশ কাটবার পর একটা ভাবনা রামচরণকে পেয়ে বসলো,—"ছেলেমেয়েদের দু'বেলা দুটি খাওয়াবে কি করে?"—সেবছর দেশে অজন্মা হয়েছিল—চাষের সময়ও তখন কেটে গিয়েছে। ঘরে একটি পয়সাও নেই। কি করে? সহরে গিয়ে মুটেগিরি করে খেতে পারে, পরিবারের খরচ জোগাড় কর্ত্তে পারে, কিন্তু সহরে যে যাবে, যাবার খরচ পায় কোথা থেকে? পরিবারের গায়ে যা দু'একখানা সোণা রূপার গহনা ছিল, দু'মাস সংসার খরচে, মোকদ্দমা খরচে তা গিয়েছে। গাঁয়ে বিঘা ৯৷৫ জমি ছিল, তা'ও বিক্রী হয়ে গিয়েছে মামলা চালাবার খরচা জোগাতে। এ অবস্থায় কি ক'রে যে দিন কাটবে, সেই ভাবনাই তাকে অস্থির করে ফেললে।

দিনের পর দিন কাটতে লাগলে—কোন উপায় সে ভেবে বার কর্ত্তে পারলে না।—ক্রমে এমন অবস্থা দাঁড়ালো যে অনাহারে থাকাই সার হোল। প্রথম প্রথম চোটায় দু'এক টাকা ধার করে কোন রকমে খাওয়ার সংস্থান হয়েছিল—পরে ধার মেলাও দুষ্কর হয়ে উঠলো—দেশে অজন্মা, কে ধার দেবে—আর ধার করেই বা কতদিন চলবে—শুধতে তো হবে। কাজেই একদিন ভোরে হঠাৎ বলে উঠলো, "খুকীর মা, আমি চললুম কলকাতায়। দেখি, কিছু করে উঠতে পারি কি না!" এই বলে সে বেরিয়ে পড়লো এক কাপড়ে কলকাতার পথে।

বেরুবার আগে সে ভেবেছিল, কলকাতা এত বড় জায়গা, এখানে নিশ্চয়ই একটা কাজ সে জুটিয়ে নিতে পারবে। হোলও তাই। ঘণ্টা পাঁচেক ঘোরার পর ঠিক সন্ধ্যার সময় হ্যারিসন রোডের একটা ছোট বাড়ীতে ৪৲ মাইনের একটা চাকরীর জোগাড় কর্ত্তে পারলে। যা' হোল সেই যথেষ্ট, এই ভেবে সে সেই দিন থেকেই কাজে ভিড়ে গেল। লোকের বাড়ীতে আগে সে কখনো কাজ করেনি—কাজেই প্রথম প্রথম তার কেমন বাধো বাধো ঠেক্‌তে লাগলো। কিন্তু শীঘ্রই সে ভাবটা শুধরে গিয়ে, সে কাজকর্ম্মে বেশ পাকা হয়ে উঠলো। মনিবের একটি পয়সা সে এদিক ওদিক কর্ত্তো না, বাজে খরচ মোটেই করাতো না। মনিবও বেশ ভালো পেয়েছিল। কাজেই দুমাসের মধ্যে তার দু'টাকা মাইনে বেড়ে গেল। মাইনে থেকে একটা পয়সা সে খরচ কর্ত্তো না। ফি মাসের শেষে মাইনের পুরা টাকাটা দেশে পাঠিয়ে দিত।

মাস ছয় সাত কেটে গেল। একদিন সকালে তার মনিব ডেকে বল্লেন, "রামচরণ, তোর মাইনের হিসাবটা করে নে। এখানে আর তোর থাকা চল্‌বে না।"

কথাটা শুনে তার মনটা ছাঁৎ করে উঠ্‌লো। অবাক হয়ে বল্লে, "কেন, বাবু?"

মনিব বল্লেন, "দুধ কলা দিয়ে এতদিন সাপ পুষেছি। আর নয়। ভালোয় ভালোয় বিদায় না হ'লে তোকে পুলিশের হাতে দিতে হবে।"

মনিবের রাগটা যে হঠাৎ কেন হোল, এটা না বুঝতে পেরে, রামচরণ মাথা নীচু করে আঙুল খুঁট্‌তে লাগলো।

মনিব নরেন বাবু বলতে লাগলেন, "শ্রাবণ মাস পেরিয়ে আজ ভাদ্র মাসের দশ দিন হোল। আষাঢ় পর্য্যন্ত তোর মাইনে চুকিয়ে দিয়েছি। শ্রাবণ মাসের দরুণ ছ'টাকা আর ভাদ্র মাসের কদিনের দরুণ দুই টাকা—এই আট টাকা তোর পাওনা হয়। বাড়ীর ভিতর থেকে টাকা ক'টা নিয়ে এখুনি চলে যা।" এই বলে বাবু চেঁচিয়ে বল্লেন, "খুকী, বাড়ীর ভিতর থেকে আটটা টাকা রামচরণকে দেতো।"

রাম চরণের কান্না পেতে লাগ্‌লো। সে কাঁদো কাঁদো হয়ে বল্লে, "বাবু, ভাদ্র মাসে কুকুর বেরালকেও যে তাড়াতে নেই। আর আমি কি অপরাধ করেছি, যে, এই ভাদ্র মাসের দিনে হঠাৎ আমায় নিরাশ্রয় কর্চ্ছেন?"

বাবু একটু চুপ করে থেকে বল্লেন, "ভাদ্র মাসে তাড়াতে নেই সত্য। কিন্তু পাপ যা' হবার সে না হয় হবে। আর তো তোকে রাখ্‌তে পারি না তা' বলে'। আগে জান্‌লে কবে বিদায় করে দিতুম।"

রামচরণ ক্রমে আরও হতবুদ্ধি হয়ে উঠলো। সে সাহস করে বল্লে, "কি হয়েছে, বাবু? কি করেছি?"

নরেন বাবু চেঁচিয়ে বলে উঠলেন, "আহা, যেন কিছুই জানেন না!

এক মাসে যে কত সর্ব্বনাশই আমার করেছিস্, কে জানে? জেল-ফেরত চোরকে কখনো কেউ বাড়ীতে স্থান দেয়?"

একথা সে এ ক'মাসে ভুলে গিয়েছিল। হঠাৎ আজ সেটা জেগে উঠলো তার মনে। তাই তো! কিন্তু তার তো জেল হয় নি! তাই বল্লে, "বাবু, কে বলেছে, আমি জেলে গিয়েছিলাম!"

দাঁত মুখ খিঁচিয়ে বাবু বল্লেন, "সে খোঁজে তোর দরকার কি?— চুরীর আসামী হোস্ নি তুই?"

রামচরণ এইবার একটু মিথ্যা কথা বল্লে, "চুরীর আসামী আমায় করেছিল বটে। কিন্তু আমি তো, বাবু, চুরী করি নি। তাই জুরী-বাবুরা আমায় খালাস করে দিয়েছিলেন।"

সেই রকম দাঁত মুখ খিঁচিয়ে বাবু আবার বল্লেন, "বড় কাজই করেছেন!— আবার বুক ফুলিয়ে সাফাই গাওয়া হচ্ছে। বেরো, বেটা, আমার বাড়ী থেকে, নইলে জুতিয়ে পিঠের চামড়া লম্বা করে দেব!"

বেগতিক দেখে রামচরণ যে এক কাপড়ে এসেছিল, সেই এক কাপড়েই সে-বাড়ী ছেড়ে গেল।

তার মাথায় হঠাৎ একটা খেয়াল চাপ্‌লো। ভালো হবার সে চেষ্টা করেছিল—শুধরে গিয়েছিল একেবারে। কিন্তু মানুষের বিচারে নিরপরাধী হয়েও তা'র অপরাধ সাব্যস্ত হয়ে গেল।—তবে আর কি হবে! আবার চাকরীর চেষ্টা—আবার সেই হাড় ভাঙ্গা খাটুনী—কিন্তু তার ফল হবে, এই রকমই বোধ হয়। আবার সেই সংসারের ভাবনা—যা'র কোন কূলই সে খুঁজে পায় না। না, ওর চেয়ে চুরী করে জেলে যাওয়াই ভালো। ভাবনা নেই, চিন্তা নেই, সরকারের পয়সায় দু'বেলা দু'মুঠো অন্নও জোটে।—কিন্তু ছেলে মেয়ে? খুকীর মা?—তাদের কে দেখবে?—কে কার ভাবনা ভাবে, আর ভেবেও বা কি হবে? ভগবান্ আছেন, তিনিই যা' হোক কর্বে'ন।

মনিব বাড়ীর আট ঘাট তার সব জানাই ছিল। সেই রাত্রে যখন সবাই ঘুমিয়ে পড়েছে—সেই সময় গিন্নীর শোবার ঘরে গিয়ে গহনার বাক্সটা নিয়ে গাঁয়ে গিয়ে উঠ্‌লো।

পুলিস সন্ধান নিয়ে দু'চার দিনের মধ্যে তা'কে বা'র কর্লে'। নরেন বাবুর সন্দেহ তার উপরই হয়েছিল কিনা!....এবার তার জেল হোল— একেবারে আট মাস!

শ্রীবিভূতিভূষণ ঘোষাল

ASUTOSH COLLEGE ESTD. 1916 LIBRARY

Printed at the COTTON PRESS, 57 Harrison Road and Published from 147, RUSSA ROAD, SOUTH, BHAWANIPUR, BY BAIDYANATH MUKHERJEE.